

২০২১-২০২২ অর্থবছরে
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নির্বাহী কমিটির
২য় সভার কার্যবিবরণী

সভাপতি	: মোঃ জাহাঙ্গীর আলম সচিব সমাজকল্যাণ মন্ত্রণালয়
সভার তারিখ	: ২৩-০৫-২০২২ খ্রি:
সময়	: সকাল ১১.০০ টা
স্থান	: Zoom platform Meeting ID: 819 7991 4236 Passcode: 112233
সদস্যবৃন্দের তালিকা	: সংযোজনী-১

সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে নির্বাহী কমিটির চেয়ারম্যান ও সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সদস্যবৃন্দের সাথে পরিচিত হন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপন করার জন্য তিনি নির্বাহী সচিবকে আহবান জানান। নির্বাহী সচিব কার্যপত্রের আলোকে আলোচ্যসূচি উপস্থাপন করেন। আলোচ্য বিষয়সমূহ বিস্তারিতভাবে আলোচনা শেষে নিম্নরূপ সুপারিশ করা হয়:

আলোচ্যসূচি-১ : বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ			
বিষয়বস্তু	আলোচনা	সুপারিশ	বাস্তবায়নকারী
বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ	বিগত ০৯.০৯.২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভার কার্যবিবরণী পাঠ করা হয়।	কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় বিগত ০৯.০৯.২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।	নির্বাহী সচিব বাজাসকপ
আলোচ্যসূচি-২ : বিগত সভার অগ্রগতি পর্যালোচনা			
১) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ বিধিমালা-২০২১	সভাপতি বিধিমালার অগ্রগতির বিষয়ে জানতে চাইলে, সদস্য সচিব সভায় জানান যে, “বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ বিধিমালা-২০২১” এর খসড়া সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সমাজকল্যাণ মন্ত্রণালয় হতে খসড়া বিধিমালাটি ভেটিং এর জন্য আইন মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। বর্তমানে বিধিমালাটি ভেটিং এর অপেক্ষায় আছে।	“বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ বিধিমালা-২০২১” দ্রুত প্রণয়নের বিষয়ে আইন মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখার সুপারিশ করা হয়।	যুগ্মসচিব (আইন ও সংস্থা অধিশাখা) সমাজকল্যাণ মন্ত্রণালয় ও নির্বাহী সচিব বাজাসকপ
২) সমাজকল্যাণ ভবন নির্মাণ	সভাপতি, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের ভবন নির্মাণ কাজের অগ্রগতি জানতে চাইলে, নির্বাহী সচিব ও প্রকল্প পরিচালক জানান যে, সমাজকল্যাণ ভবন নির্মাণ কাজের আর্থিক অগ্রগতি ১৭% এবং বাস্তব কাজের অগ্রগতি ২০%। ইতোমধ্যে ৩টি বেজমেন্ট নির্মাণের কাজ শেষ হয়েছে। ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ২ বছর অর্থাৎ জুন/২০২৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।	সমাজকল্যাণ ভবন নির্মাণ কাজের গুণগতমান ঠিক রেখে নির্দিষ্ট মেয়াদের মধ্যে প্রকল্পের কাজ বাস্তবায়নের সুপারিশ করা হয়।	প্রধান প্রকৌশলী গণপূর্ত অধিদপ্তর ও প্রকল্প পরিচালক সমাজকল্যাণ ভবন নির্মাণ প্রকল্প

বিষয়বস্তু	অগ্রগতি ও আলোচনা	সুপারিশ	বাস্তবায়ন
৩) চা-বাগান শ্রমিকদের জীবনমান উন্নয়ন	নির্বাহী সচিব জানান, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার ও চট্টগ্রাম এ ৪টি জেলায় চা-বাগান শ্রমিকদের ৩২৫টি টেকসই আবাসন নির্মাণের জন্য বরাদ্দ প্রদান করা হয়েছে। ইতোমধ্যে ২৩৫টি আবাসন নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে শ্রমিকদের টেকসই আবাসন নির্মাণ নীতিমালা/নির্দেশিকার খসড়া প্রণয়নের কাজ চলছে। সম্মানিত সদস্য শেখ কবির হোসেন বলেন, সরকারি ও বেসরকারি চা-বাগানে কতটি আবাসন নির্মিত হয়েছে তা জানা প্রয়োজন। এছাড়াও তিনি চা-বাগান শ্রমিকদের টেকসই আবাসন নির্মাণের কাজ সরজমিনে পরিদর্শনের বিষয়ে গুরুত্বারোপ করেন। সভার সভাপতি বলেন, চা-বাগান শ্রমিকদের টেকসই আবাসন নির্মাণের কাজ সরজমিনে পরিদর্শন করতে হবে।	ক) চা শ্রমিকদের টেকসই আবাসন নির্মাণ কর্মসূচি অব্যাহত রাখা ও সরজমিনে পরিদর্শন করার সুপারিশ গৃহীত হয়। খ) চা-বাগান শ্রমিকদের টেকসই আবাসন নির্মাণ নীতিমালা/নির্দেশিকার খসড়া প্রণয়নের সুপারিশ করা হয়। গ) পরবর্তী সভায় সরকারি ও বেসরকারি চা-বাগানে কতটি আবাসন নির্মিত হয়েছে তা উপস্থাপনের সুপারিশ করা হয়। ঘ) আবাসন বরাদ্দ প্রদানের ক্ষেত্রে সরকারি চা বাগান (ন্যাশনাল টি কোম্পানি লিমিটেড) শ্রমিকদের অগ্রাধিকার প্রদানের সুপারিশ করা হয়।	নির্বাহী সচিব বাজাসকপ
৪) গবেষণা কার্যক্রম পরিচালনা	সভাপতি গবেষণা কার্যক্রম প্রক্রিয়ার বিষয়ে জানতে চাইলে, নির্বাহী সচিব ও সদস্য সচিব সভায় জানান, ২০২১-২০২২ অর্থবছরে ৭টি পৃথক বিষয়ে গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে PPA-২০০৬ ও PPR-২০০৮ যথাযথ অনুসরণপূর্বক ৭টি প্রতিষ্ঠান/ব্যক্তির সাথে NOA জারিপূর্বক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সম্মানিত সদস্য অধ্যাপক ড. এ এস এম আতীকুর রহমান বলেন, গুণগত মানসম্পন্ন গবেষণা কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন।	গবেষণা কার্যক্রম অব্যাহত রাখার সুপারিশ করা হয়।	নির্বাহী সচিব বাজাসকপ
৫) ২০২০-২০২১ অর্থবছরের নদীভাঙ্গনে ভিটামাটিহীন ক্ষতিগ্রস্থ ও বস্তিবাসীদের পুনর্বাসন ও গৃহ নির্মাণ অনুদান	সদস্য সচিব জানান, নদী ভাঙ্গনে ভিটামাটিহীন ক্ষতিগ্রস্থ ও বস্তিবাসীদের জীবনমান উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ণ-২ প্রকল্পের ন্যায় গত ২০২০-২০২১ অর্থবছরে একক গৃহ নির্মাণের জন্য ১,৭৫,০০০/- টাকা করে ৩৭ জেলায় ৪৫৭টি গৃহ নির্মাণ করার জন্য বরাদ্দ প্রদান করা হয়। পরবর্তীতে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৫ অক্টোবর ২০২১ খ্রি. তারিখের ৯২০ নং স্মারকে আশ্রয়ণ-২ প্রকল্পের মডেল সংশোধনপূর্বক প্রতিটি গৃহের নির্মাণ ব্যয় ২,৪০,০০০/- টাকায় উন্নীত করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ণ-২ প্রকল্পের ২৩ জানুয়ারি, ২০২২ খ্রি. তারিখের ৩৩ নং স্মারক মোতাবেক গৃহ নির্মাণ সামগ্রীর বর্ধিত বাজারমূল্য বিবেচনায় প্রতি গৃহে আরো ১৯,৫০০/- টাকা বৃদ্ধিপূর্বক ২,৫৯,৫০০/- টাকা করা হয়। নদীভাঙ্গন কবলিত জেলায় স্থানীয় জেলা ও উপজেলা কমিটির মাধ্যমে নদীভাঙ্গনে ভিটামাটিহীন, ক্ষতিগ্রস্থ ও বস্তিবাসীদের পুনর্বাসনে সর্বশেষ নির্ধারিত (২,৫৯,৫০০/-) অর্থে বিগত ২০২০-২০২১ অর্থবছরের ছাড়কৃত অর্থের সাথে সমন্বয়পূর্বক ২৯১টি গৃহ নির্মাণ কার্যক্রমে অর্থ ছাড় করার বিষয়ে আলোচনা হয়।	ক) সভায়, নদীভাঙ্গনে ভিটামাটিহীন, ক্ষতিগ্রস্থ ও বস্তিবাসীদের পুনর্বাসনে বিগত ২০২০-২০২১ অর্থবছরের ছাড়কৃত অর্থের সাথে সমন্বয়পূর্বক এ অর্থবছরে ২৯১টি গৃহ নির্মাণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সুপারিশ গৃহীত হয়। খ) গৃহ নির্মাণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে মনিটরিং করার সুপারিশ করা হয়। গ) নদী ভাঙ্গন কবলিত জেলার তালিকা হালনাগাদপূর্বক অর্থ ছাড়ের সুপারিশ করা হয়।	নির্বাহী সচিব বাজাসকপ
৬) রোগীকল্যাণ সমিতির অর্থ ব্যয়	নির্বাহী সচিব জানান, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক রোগীকল্যাণ সমিতির অনুকূলে প্রদানকৃত অর্থ এফডিআর না করে দুঃস্থ, অসহায় রোগীদের চিকিৎসা সেবায় ব্যয় করার বিষয়ে মনিটরিং কার্যক্রম অব্যাহত আছে।	রোগীকল্যাণ সমিতির অর্থ এফডিআর না করার সুপারিশ করা হয়।	মহাপরিচালক সমাজসেবা অধিদপ্তর ও নির্বাহী সচিব বাজাসকপ
৭) মাঠ পর্যায়ে কার্যক্রম পরিদর্শন	নির্বাহী সচিব বলেন, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক প্রদত্ত অনুদান প্রদান কার্যক্রম পরিদর্শন করা হচ্ছে এবং পরিদর্শন প্রতিবেদন সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সভার সভাপতি পরিদর্শন কার্যক্রমের উপর গুরুত্বারোপ করেন। নির্বাহী সচিব জানান, পরিষদের জনবলের স্বল্পতার কারণে পরিদর্শন কার্যক্রম জোরদার করা সম্ভব হচ্ছে না। সভায় সংযুক্ত অন্যান্য সদস্য পরিষদের জনবল বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন।	পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার সুপারিশ গৃহীত হয়।	নির্বাহী সচিব বাজাসকপ

বস্তু	অগ্রগতি ও আলোচনা	সুপারিশ	বাস্তবায়নকারী
৮) পরিষদের জনবল	সদস্য সচিব জানান যে, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের পদ সৃষ্টির প্রস্তাব ও জনবল কাঠামো ২৭.০১.২০২২ তারিখের ১৮২৫ সংখ্যক স্মারকে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে প্রশাসনিক মন্ত্রণালয়ে ১৬.০৩.২০২২ খ্রি. তারিখে পদ সৃজন সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী পদ সৃজনের প্রস্তাব পুনর্বিদ্যাস করে শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। খ) দৈনিক ভিত্তিক মজুরীর ভিত্তিতে জনাব মো: আব্দুল হান্নানকে গাড়ী চালক পদে নিয়োগ দেয়া হয়েছে।	পরিষদের পদ সৃজনের প্রস্তাবসহ জনবল কাঠামো সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাবর দ্রুত প্রেরণের সুপারিশ করা হয়। খ) দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োজিত গাড়ী চালক, জনাব মো: আব্দুল হান্নান এর নিয়োগ পরবর্তী বোর্ড সভায় অনুমোদনের সুপারিশ করা হয়।	সকম ও নির্বাহী সচিব বাজাসকপ

আলোচ্যসূচি-০৩: ২০২১-২০২২ অর্থবছরের অনুদান বাজেট বিভাজন:

আলোচনা: নির্বাহী সচিব, 'অনুদান বন্টন নীতিমালা-২০১১' অনুযায়ী ২০২১-২০২২ অর্থবছরের অনুদান বন্টন প্রস্তাব সভায় নিম্নরূপভাবে উপস্থাপন করেন-


ক্র: নং	কল্যাণ অনুদানের খাত	নির্বাহী কমিটির সভায় সুপারিশকৃত বরাদ্দ (লক্ষ টাকায়)	প্রাপ্ত/ সুপারিশকৃত আবেদন	বিস্তারিত তথ্য
১	২	৩	৪	৫
১।	জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানকে অনুদান	১৫০	১৬	পরিশিষ্ট-'ক'
২।	মানব সম্পদ উন্নয়ন (সমন্বয়পরিষদ, শহর সমাজসেবা এর মাধ্যমে)	২৫০	৮০	পরিশিষ্ট-'খ'
৩।	দুঃস্থ, অসহায়, প্রতিবন্ধী রোগীদের চিকিৎসায় অনুদান (রোগীকল্যাণ সমিতির মাধ্যমে)	১৫০০	৫২৫	পরিশিষ্ট-'গ'
৪।	সাজাপ্রাপ্ত আসামীদের দক্ষতা উন্নয়ন ও পুনর্বাসনে অনুদান (অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির মাধ্যমে)	১০০	৬৪	পরিশিষ্ট-'ঘ'
৫।	সাধারণ স্বৈচ্ছাসেবী প্রতিষ্ঠান-এর অনুকূলে অনুদান	১১০০	৪৫৪৯ (সম্ভাব্য)	পরিশিষ্ট-'ঙ'
৬।	পরিষদ, জেলা ও উপজেলা সমাজকল্যাণ কমিটি :	০০		
	ক) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ	১০০	০১	পরিশিষ্ট-'চ'
	খ) জেলা সমাজকল্যাণ কমিটি	৬০০	৬৪	
	গ) উপজেলা সমাজকল্যাণ কমিটি	২৪৬	৪৯২	
৭।	বিশেষ অনুদান:			পরিশিষ্ট-'ছ'
	ক) ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও ক্ষুদ্রসম্প্রদায়ের জীবনমান উন্নয়নে অনুদান	২০০	৫৩৬৩	
	খ) ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের ছাত্র/ছাত্রীদের বিশেষ শিক্ষা সহায়তায় অনুদান	২০০	৫৩৬৩	পরিশিষ্ট-'জ'
	গ) নদীভাঙ্গানে ভিটামাটিহীন, ক্ষতিগ্রস্ত ও বস্তিবাসীদের পুনর্বাসনে অনুদান (গৃহ নিমাণ)	৭০০	২৯১	পরিশিষ্ট-'ঝ'
	ঘ) চাবাগান শ্রমিকদের জীবনমান উন্নয়নে টেকসই আবাসন নির্মাণে অনুদান	৪০০	১০০	পরিশিষ্ট-'ঞ'
	ঙ) ভিক্ষাবৃত্তি নিরসনে অনুদান	১১১	১১০	পরিশিষ্ট-'ট'
	চ) প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনে অনুদান	৩০০		
	ছ) অন্যান্য বিশেষ অনুদান (দুঃস্থ, অসহায় ব্যক্তির জন্য অর্থ সাহায্য)	৭০০		
	জ) প্রতিবন্ধী, গরীব, মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য আর্থিক অনুদান	১০০		
	মোট =	৬৭৫৭		

(কথায়ঃ সাতষট্টি কোটি সাতান্ন লক্ষ টাকা মাত্র)

সিদ্ধান্ত: উপস্থাপন অনুযায়ী ২০২১-২০২২ অর্থবছরের অনুদান বন্টন প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং পরিষদের কার্যক্রম

বিষয়বস্তু	অগ্রগতি ও আলোচনা	সুপারিশ	বাস্তবায়নকারী
জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানের স্বীকৃতি	নির্বাহী সচিব জানান যে, সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট (সিডিডি), সাভার, ঢাকা, রেজিঃ নং ঢ-০৩৬৩২, তাং-৩১-০৭-৯৬ খ্রি. প্রতিবন্ধীদের নিয়ে কাজ করে। এটি একটি স্বনামধন্য প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির ঢাকা, দিনাজপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা, নরসিংদী, কক্সবাজার, চট্টগ্রাম, জামালপুরসহ অন্যান্য জেলায় কার্যক্রম পরিচালনা করছে। এর কার্যক্রমের বিষয়ে সংশ্লিষ্ট জেলার মতামতসহ সুপারিশ সম্বলিত প্রতিবেদন পাওয়া গিয়েছে। জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদানের জন্য প্রচলিত নীতিমালার সকল শর্তই প্রতিপালিত হয়েছে মর্মে দেখা যায়। সভায় সংযুক্ত সকল সম্মানিত সদস্য প্রতিষ্ঠানটিকে জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি প্রদান করার বিষয়ে একমত পোষণ করেন।	সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট (সিডিডি), সাভার, ঢাকা, রেজিঃ নং ঢ-০৩৬৩২, তাং-৩১-০৭-৯৬ খ্রি. এর স্বীকৃতির আবেদন পরবর্তী পরিচালনা বোর্ড সভার অনুমোদনের জন্য উপস্থাপনের সুপারিশ করা হয়।	নির্বাহী সচিব বাজাসকপ

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ জাহাঙ্গীর আলম
সচিব

সমাজকল্যাণ মন্ত্রণালয়

ও

চেয়ারম্যান

নির্বাহী কমিটি

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ

স্মারক-৪১.০৩.০০০০.০৮১.০৬.০৫১.১৯-২১১৬


তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ
২৯ মে, ২০২২ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, ই-৮/বি-১, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
২. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রট-ই-১৩/বি, আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
৪. অতিরিক্ত সচিব (বাজেট ও ব্যবস্থাপনা কার্যক্রম মূল্যায়ন), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
৫. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, এ/২, সেকশন-১৪, মিরপুর, ঢাকা
৬. শেখ কবির হোসেন, টুঞ্জীপাড়া, গোপালগঞ্জ।
৭. অধ্যাপক ড. এ এস এম আতীকুর রহমান, ইনস্টিটিউট অব সোস্যাল ওয়েলফেয়ার এন্ড রিসার্চ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০
৮. নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ান ট্রাস্ট, বাড়ী নং-২, ব্লক-সি, রোড নং-১৭, বনানী, ঢাকা-১২১৩
৯. ব্যবস্থাপনা পরিচালক, এনজিও ফাউন্ডেশন, ৫৩ মহাখালী, ঢাকা-১২১২
১০. সৈয়দা জেবুন্নেছা হক, ২২ তৌতীপাড়া, সিলেট-৩১০০
১১. জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, ৮৯, এইচ, পূর্ব রামপুরা, ঢাকা-১২১৯
১২. সভাপতি, প্রবীণ হিতৈষী সংঘ ও জরা বিজ্ঞান প্রতিষ্ঠান, ই-১০, আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
১৩. বেগম তানিয়া বাখত, সাধারণ সম্পাদিকা, বাংলাদেশ মহিলা সমিতি, ৪ নাটক স্মরণী, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
১৪. বেগম ফারাহ দিবা দিল্লী, ১০৩/১, খায়রুন্নেসা রোড, ফ্লাট নম্বর-সি-৫, জিগাতলা, ঢাকা-১২০৯

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।


২৯.০৫.২০২২
মোহাম্মদ জসিম উদ্দিন
নির্বাহী সচিব(যুগ্মসচিব)

ও

সদস্য সচিব

নির্বাহী কমিটি

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ

ফোন : ০২-২২২২২৮১২৫

e.mail:bnswebd@gmail.com